

<http://www.ittefaq.com.bd/wholecountry/2018/05/30/158784.html>

ঈদের আগে বেতন বোনাসের দাবিতে সাভারে শ্রমিকদের মানববন্ধন

ইত্তেফাক রিপোর্ট ৩০ মে, ২০১৮ ইং ১৯:৪৭ মিঃ



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি সাভার উপজেলার উদ্যোগে ঈদের আগে সকল শ্রমিক কর্মচারীদের বেতন ভাতা ও ঈদ বোনাস প্রদানের দাবিতে মানববন্ধন পালন করেছে শ্রমিকরা। এ সময় ভেজালমুক্ত খাদ্য, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও নিরাপদ ঈদযাত্রা নিশ্চিত করার দাবিও তোলা হয়। সাভার বাসস্থানভেদে ধরসে পড়া রানা প্লাজার সামনে এ সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

পার্টির উপজেলা কমিটির সম্পাদক কমরেড রফিকুল ইসলাম সুজনের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ছিলেন ঢাকা মহানগর ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড আবুল হোসাইন। সমাবেশে সংহতি বক্তব্য রাখেন সাভার উপজেলা জাসদের মাহাবুবা আক্তার লিপি, বাসদের সৌমিত্র কুমার দাস, সম্যবাদী দলের (এম.এল) আজম খান বাবু।

সমাবেশে নেতৃত্ব দেন, শ্রমিকরা পবিত্র ঈদুল ফিতরের উৎসব উদযাপন করতে পারবেন কি না তা নিয়ে সংশয় সৃষ্টি হয়েছে। অনেক গার্মেন্টস মালিক শ্রমিকদের বেতন-ভাতা না দিয়ে কারখানা বন্ধ করে দিয়েছে। এতে করে শ্রমিকের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। এই ক্ষোভ-বিক্ষোভে রূপ নিয়ে রাজপথে নামতে পারে, যা কারো কাম্য নয়।

এছাড়া রমজান মাসে যারা খাদ্যে ভেজাল ও বিষ প্রয়োগ করছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণেরও দাবি জানান নেতৃত্ব দেন।